

একজন মুক্তিযোদ্ধার বোন

মাহমুদা রুণু

অন্তররে গহীন অন্তরালে
সযত্নে সন্তর্পনে ধারণ করেছি ‘মুক্তির মুক্তো’
তিরিশ বছর ধরে।
সেই গহীনে আছে

প্রদিগু দুটো চোখ,
বলিষ্ঠ দুটো হাত,
প্রশস্ত হৃদয়,

একজন মুক্তিযোদ্ধার।

নগর নদীর গহ্বর ভেদ করা

ডুবসাতারু,

সাতমাথার চতুর কম্পন করা

সংগ্রামী বক্তা,

গৃহহীনের বন্ধু, দৃঃখীনির সহায়,

পথের মুকুলের সুহৃদ।

একজন প্রয়াত মুক্তিযোদ্ধা।

আমি সেই মানুষটির বোন।

রক্তের মাঝে চেতনার সরোবর নিয়ে

জীবন বৈভবে অচেতন।

বোদ্ধা ভায়ের স্বপ্নের দায়ে আবদ্ধ -

যান্ত্রিকতার গডডালিকায় প্রায় ডুবন্ত।

মৃত্যুঞ্জয়ী যোদ্ধার গরবে গরবীতা -

অপারগতায় ম্লান ঘুমন্ত।


আমি একজন মুক্তিযোদ্ধার বোন।

তিরিশ বছরের অশ্রুসিক্ত প্রতিষ্কার পুরস্কার

আমার প্রজন্ম।

একজন বোদ্ধা বাঙ্গালী।

ওর হাতে সমপর্ন করেছি ‘মুক্তির মুক্তো’।



সনিবর্ক আকাংখা -

আমাদের স্বপ্নের পাঠশালা

যেখানে মুক্তিযুদ্ধের এবং যোদ্ধার

অবিকৃত ইতিহাস পাঠ হবে।

আমাদের প্রাণের হাসপাতাল, যেখানে

যুদ্ধাহত যোদ্ধা এবং সহায়হীন বাংগালীর

বিদীর্ন হৃদয়, বিচূর্ন অঙ্গ সুচিকিৎসা পাবে।

আমাদের প্রিয় বাসভূমি

প্রয়াত এবং জীবিত মুক্তিযোদ্ধার

পরিজনের সম্মানিত আবাস।

বিশ্বাসের বিশ্বস্ত প্রেরনায়

উদ্বেলিত আমারি প্রজন্ম

গবিত রক্তপ্রবাহের প্রস্রবনে

প্রদিগু প্রখরা প্রসন্ন।

আনন্দের অশ্রুপ্লাবনে ধ্রুসে যায়

আমার অপারগতা আমার অচেতন্য।

জেগে ওঠে শাস্ত্রত চেতনায়

প্রতিজ্ঞাবদ্ধ -

একটি পাঠশালা

একটি হাসপাতাল

একটি বাসভূমি।

আমাদের এবং আমাদের একান্তই আমাদের।